গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগামের সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতাধীন সমাজকল্যাণ মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রকল্পসমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর এবং কুইক উইন উদ্যোগ এর অগ্রগতি এবং এতদ্‌সম্পর্কীত কর্মপরিকল্পনা বিষয়ক সভার কার্যবিবরণী

সভার তারিখ:	১৬/০৬/২০১৫ খ্রিস্টাব্দ
সময়:	সকাল ১১:০০
স্থান:	কক্ষ নং-৩০৯, ভবন-৬, ৪র্থ তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভাপতি:	তারিক-উল-ইসলাম, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি, উপস্থিত সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিম এর সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের ইনোভেশনটিম এর কার্যক্রমের অগ্রগতি, এটুআই সহায়তাপুষ্ট তিনটি প্রকল্পের আওতায় কুইক-উইন উদ্যোগ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পুনর্গঠন বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

৩.০ সভাপতির আহ্বানের প্রেক্ষিতে সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা ও সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩.১.১ **আলোচনা ১:** সমাজসেবা অধিদফতরের পরিচালক (প্রতিষ্ঠান) জনাব মোঃ জুলফিকার হায়দার আলোচনার শুরুতেই দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য ব্রেইল পদ্ধতিতে বই ছাপানোর প্রতিবন্ধকতার বিষয়সমূহ তুলে ধরেন। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সংস্থা এনসিটিবি হতে পিডিএফ পদ্ধতিতে পাঠ্য বইসমূহের সফট কপি সরবরাহ করা হয়। যা দিয়ে টংগীস্থ ব্রেইল প্রেস হতে ব্রেইল পদ্ধতিতে পাঠ্য বই ছাপানো সম্ভব হয়ে উঠে না। টংগীস্থ ব্রেইল প্রেসটিতে শুধুমাত্র ইউনিকোড এমএসওয়ার্ড ফাইল রূপান্তর করে ব্রেইল পদ্ধতিতে ছাপানো সম্ভব।

সিদ্ধান্ত ১: ১ম থেকে ১০ শ্রেণি পর্যন্ত সকল দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে প্রতি বছরের ১ জানুয়ারি ব্রেইল বই বিতরণের লক্ষ্যে সেপ্টেম্বর ২০১৫ এর মধ্যে এনসিটিবি থেকে সফট কপি 'এমএসওয়ার্ড ডকুমেন্ট ফাইলে ইউনিকোড' ফরমেটে সরকার নির্ধারিত উপযুক্ত ফন্টে (নিকশ, সোলেমানিলিপি, বৃন্দা, সুতন্বিওএমজে, মুক্তি) সংগ্রহ করে বই ছাপানোর উদ্যোগ গ্রহণ করতে হবে।

বাস্তবায়ন: মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর

সিদ্ধান্ত ২: বই ছাপানোর ক্ষেত্রে সকল ধরণের প্রতিবন্ধকতা দূরীকরণের জন্য ব্রেইল বই ছাপানো সংশ্লিষ্ট মন্ত্রণালয়, সরকারি দপ্তর/সংস্থা, বেসরকারি সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়েরর সভাপতিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে জুলাই ২০১৫ এর প্রথম সপ্তাহে একটি সভা আহবান করতে হবে;

বাস্তবায়ন: যুগ্মসচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), সমাজকল্যাণ মন্ত্রণালয়

সিদ্ধান্ত-৩: সমাজসেবা অধিদফতর জুলাই ২০১৫ এর মধ্যে দেশব্যাপী ১ম থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ব্রেইল বইয়ের চাহিদা নিরূপণ এবং সে অনুযায়ী ছাপনোর উদ্যোগ গ্রহণ করবে, সেইসাথে ১ সেপ্টেম্বর ২০১৫ তারিখ থেকে বই ছাপানোর কাজ শুরু করে ৩০ নভেম্বরের মধ্যে চাহিদা অনুযায়ী সরকারি ব্রেইল ছাপাখানা এবং প্রয়োজনে বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে বই ছাপানোর কাজ সম্পন্ন করে ১৫ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়সমূহে ব্রেইল বই প্রেরণ নিশ্চিত ও ১ জানুয়ারি ২০১৬ তারিখে সকল দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্রেইল বই প্রাপ্তি নিশ্চিত করবে। এতদ্‌বিষয়ে যুগ্মসচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সমন্বয় করে সময় সময় সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

বাস্তবায়ন: মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর এবং যুগ্মসচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা), সমাজকল্যাণ মন্ত্রণালয়

৩.১.২ **আলোচনা-২:** 'ডিজিটাল টকিং বুক' বিষয়ক আলোচনায় জানা যায়, সমাজসেবা অধিদফতর ও এটুআই প্রোগ্রামের সমন্বয়ে সমাজসেবা অধিদফতরাধীন ইঁআরসিপিএইচ, টঙ্গী, পিএইচটিসি (ঢাকা, রাজশাহী, খুলনা, চট্টগ্রাম) ও দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়, বরিশাল এ ৬টি ই-লার্নিং প্রশিক্ষণ ল্যাব এটুআইএর আর্থিক সহায়তায় স্থাপন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রসমূহে অনতিবিলম্বে এটুআই এর সহায়তায় 'ইপসা' কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষক ও শিক্ষার্থীগণের ৩দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে।

সিদ্ধান্ত-৪: সমাজকল্যাণ মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন ৬টি প্রতিষ্ঠানে ই-লার্নিং ল্যাব স্থাপন ও তাতে প্রশিক্ষণের আয়োজন করার জন্য এটুআই কর্তৃপক্ষকে সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সিদ্ধান্ত-৫: 'ডিজিটাল টকিং বুক' প্রশিক্ষণ কার্যক্রম' সফলভাবে বাস্তবায়ন করতে হবে। এটুআই ই-লানিং ল্যাবটি প্রতিবন্ধী শিশু-কিশোরদের নিয়মিত প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হবে। 'ডিজিটাল টকিং বুক' প্রশিক্ষণ কার্যক্রমে সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষক শিক্ষার্থীগণের পাশাপাশি সমাজসেবা অধিদফতরের স্থানীয় কর্মকর্তাগণের মধ্যে কম্পিউটার পারদর্শী কর্মকর্তাগণকেও সম্পৃক্ত করতে হবে।

বাস্তবায়ন: মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর

সিদ্ধান্ত-৬: ডিজিটাল টকিং বুক এর সুবিধা সার্বজনিন এবং সকল দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীগণের সহজলভ্য করতে সমাজকল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদফতর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ওয়েবসাইটে 'টকিং বুক'সমূহ প্রশিক্ষণ ম্যানুয়েলসহ আপলোড সম্ভব কী না এবং এ বিষয়টি জনপ্রিয় করার জন্য কী পদক্ষেপ করা যায় এ বিষয়ে সমাজসেবা অধিদফতর এটুআই কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে আগামী ৩০ জুনের মধ্যে মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসারের নিকট একটি প্রতিবেদন দিবেন।

বাস্তবায়ন: মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর

৩.১.৩ **আলোচনা-৩:** জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন থেকে প্রাপ্ত প্রতিবেদনে দেখা যায়, এটুআই প্রকল্পের সার্ভিস ইনোভেশন ফান্ডের আওতায় নির্মিত বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য পরীক্ষামূলক ভাবে তৈরি করা ডিভাইস অদ্যবধি জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনে হস্তান্তর হয়নি।

সিদ্ধান্ত ৭: বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য পরীক্ষামূলক ভাবে তৈরি করা ২০টি ডিভাইস জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এটুআই প্রকল্প হতে অবিলম্বে সংগ্রহ করে ২০ জন প্রতিবন্ধীর

মাঝে বিতরণপূর্বক ব্যবহারকারীগণের মতামত ও সুপারিশ গ্রহণ করে আগামী ২০ জুলাই ২০১৫ এর মধ্যে এটুআই প্রকল্প ও সমাজকল্যাণ মন্ত্রণালয় কে অবহিত করবে।

সিদ্ধান্ত- ৮: বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য পরীক্ষামূলক ভাবে তৈরি করা ডিভাইস বাজারজাতকরণের জন্য একটি বিজনেস মডেল জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন তৈরি করবে।

বাস্তবায়নকারী: ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ।

৩.৩.৪ **আলোচনা-৪:** বদলীজনিত কারণে মন্ত্রণালয়ের 'ইনোভেশন টিম' এর পুনঃগঠন করা প্রয়োজন বলে উপসচিব (বাজেট) সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত- ৯: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের 'ইনোভেশন টিম' পুনঃগঠন করার লক্ষ্যে উপসচিব (বাজেট) নতুন কর্মকর্তাদের নাম এবং ইনোভেশন টিম এর কর্মপরিধি নির্ধারণসহ প্রস্তাব আকারে করে প্রশাসন-১ শাখায় প্রেরণ করবে। প্রশাসন-১ শাখা বিধিমোতাবেক কমিটি গঠনের উদ্যোগ গ্রহণ করবে।

বাস্তবায়নকারী: উপসচিব (বাজেট) ও সহকারী সচিব (প্রশাসন-১), সমাজকল্যাণ মন্ত্রণালয়।

৩.৩.৫ **আলোচনা-৫:** সমাজকল্যাণ মন্ত্রণালয় ও নিয়ন্ত্রণাধীনদপ্তরসমূহের কর্মকর্তা কর্মচারীগণ মাঠ পর্যায়ে বিভিন্ন ইনোভেশন করেছেন এবং করছেন। অনেক ইনোভেশন আইডিয়া এটুআই বা স্থানীয় প্রশাসনের আর্থিক সহায়তায় পাইলট আকারে বাস্তবায়িত হচ্ছে। এসকল ইনোভেশন সম্পর্কে পর্যাপ্ত তথ্যের স্বল্পতা রয়েছে। সমাজসেবা অধিদফতর ও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশনের ইনোভেশন টিম এসকল ইনোভেশন প্রকল্পের আইডিয়া, প্রকল্প বাস্তবায়ন সম্পর্কীত অন্যান্য বিষয়ে ডকুমেন্টশন এবং আইডিয়াটি মানসম্পন্ন হলে তা সারা দেশে বাস্তবায়নের উদ্যোগ নিতে পারে। তাছাড়া নতুন ইনোভেশন আইডিয়া গ্রহণ করতে পারে। উদ্ভাবকদের পুরস্কৃত করার উদ্যোগ গ্রহণ করতে পারে। এতে মাঠপর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে নতুন গতি সঞ্চার হতে পারে।

সিদ্ধান্ত- ৮: নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহ মাঠ পর্যায়ে ইতোমধ্যে চলমান বা গৃহীত ইনোভেশন আইডিয়ার ডকুমেন্টেশনের উদ্যোগ গ্রহণ করবে। ইনোভেশন আইডিয়ার উদ্ভাবকের তথ্যাদিসহ আইডিয়া বাস্তবায়নের বিভিন্ন ধাপ এবং টিসিভি (Time, Cost, Visit) প্রতিবেদন আগামী ১৫ জুলাই এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করবে। নতুন নতুন আইডিয়ার গ্রহণ, বাস্তবায়ন ও উদ্ভাবকদের পুরস্কৃত করার উদ্যোগ গ্রহণ করবে।

বাস্তবায়নকারী: চিফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়; মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর; ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন; নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট; নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ; ব্যবস্থাপনা পরিচালক, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট্র; নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট্র। নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণ।

৪.০ পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

১৮/০৬/২০১৫

(তারিক-উল-ইসলাম)
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

নং- ৪১.০০.০০০০.০৪৫.০৭.০২২.১৫.২২

০৯ আষাঢ় ১৪২২
২৩ জুন ২০১৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (অগ্রাধিকার ক্রমানুযায়ী নয়)

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন-১) ও চিফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. যুগ্মসচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা/কার্যক্রম), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, বনানী, ঢাকা
৭. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ইস্কাটন, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট্র, আগারগাঁও,ঢাকা।
৯. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট্র, টংগী ,গাজীপুর।
১০. জনাব নিরঞ্জন দেবনাথ, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।

২৩/৬/২০১৫

(মোঃ রেজাউল করিম)
উপসচিব (বাজেট)
☏ ৯৫৪০২৩৩
rejaul8283@gmail.com